

২৫/০৭/১৩
২৫/০৭/১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

৪৪৪
২৫/০৭/১৩
১৪৭

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৫.২২.০০১.১৩-২৩৬(৭২)

তারিখ : ০৭/০৮/২০১৩ খ্রিঃ।


বিষয় : সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ১১৯(৪) বিধির উপর আইনগত পরামর্শ প্রদান প্রসঙ্গে।

সূত্র : যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট এর স্মারক নং-১৩২০, তারিখ : ২৫/০৭/২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রে যুগ্ম-নিবন্ধক, সিলেট বিভাগ, সিলেট সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ১১৯(৪) বিধিতে উল্লেখিত “নির্বাহী আদেশ” বলতে কোন্ কোন্ আদেশকে এবং “পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ” বলতে কোন্ কোন্ কর্তৃপক্ষকে বুঝানো হয়েছে সে সম্পর্কে আইনগত মতামত প্রার্থনা করেছেন। তাঁর চাহিত বিষয়টির উপর নিম্নরূপ ভাবে মতামত প্রদান করা হ’ল।

(ক) সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এ উল্লেখিত নির্দিষ্ট আদেশ বা সিদ্ধান্ত ব্যতীত অন্যান্য সকল আদেশ “নির্বাহী আদেশ” হিসাবে গন্য হবে। তবে শুধুমাত্র সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ ধারা মোতাবেক সমবায় সমিতির নিবন্ধন আদেশ বাতিল বিষয় সংক্রান্ত আদেশ “নির্বাহী আদেশ” হিসাবে গন্য হবে।

(খ) “আদেশদানকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ” বলতে আদেশদানকারী কর্তৃপক্ষের পরবর্তী প্রশাসনিক উর্ধ্বতন কর্তৃপক্ষকে বুঝাবে। এক্ষেত্রে সমবায় অধিদপ্তরের আদেশ নং-১২০১-এ/ও, তারিখ : ২৯/০৮/২০০৭ মোতাবেক শুধুমাত্র প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন বাতিল সংক্রান্ত আদেশের বিরুদ্ধে দায়েরকৃত আপীল মামলা নিষ্পত্তির ক্ষেত্রে “উর্ধ্বতন কর্তৃপক্ষ” হিসেবে উপ-নিবন্ধক (বিচার), বিভাগীয় সমবায় দপ্তরকে বুঝাবে।


(মো. হুমায়ুন খালিদ)
নিবন্ধক

সমবায় অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯১৪১১৩১

E-mail: coop_bangladesh@yahoo.com

১৩৩৩

প্রতি,

যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি বিতরণ :-

১। জেলা সমবায় অফিসার (সকল).....।

২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল।